D:\DIPAK\G-Keeper.doc

**বাংলাদেশ কৃষি ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২**

সার্কুলার লেটার নং -০৫/২০১৬ তারিখ ঃ ২১-১২-২০১৬ খ্রিঃ

**বিষয় ঃ শৃংখলাজনিত বিভাগীয় মোকদ্দমার রায়ে প্রদত্ত 'তিরস্কার ' দন্ড বাস্তবায়ন / প্রয়োগ প্রসংগে।**

উপরোক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারী বিভাগীয় শৃংখলাজনিত মোকদ্দমায় দোষী প্রমাণিত হলে কোন কোন ক্ষেত্রে অভিযুক্ত কর্মকর্তা/কর্মচারীকে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১) (ক) (অ) প্রবিধি মোতাবেক লঘুদন্ড হিসেবে ' তিরস্কার ' দন্ড প্রদান করা হয়। ' তিরস্কার ' দন্ড প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী দন্ডিত হওয়ার তারিখ হতে ০১ (এক) বৎসর পর নাকি ০২ (দুই) বৎসর পর পদোন্নতির যোগ্য বলে বিবেচিত হবেন এতদ্বিষয়ে একটি কার্যপত্র ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ০৭-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত ৩৮২ তম সভায় উপস্থাপন করা হলে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) "তিরস্কার" দন্ডে দন্ডিত কর্মকর্তা/কর্মচারীগণকে দন্ড প্রদানের তারিখ হতে ০১(এক) বছর পরই পদোন্নতির জন্য যোগ্য বিবেচনা করা যাবে।

০৩। এমতাবস্থায়, ব্যবস্থাপনা সমন্বয় কমিটির উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী 'তিরস্কার' দন্ডে দন্ডিত কর্মকর্তা/কর্মচারী দন্ড প্রদানের তারিখ হতে ০১(এক) বছর পরই পদোন্নতির যোগ্য হবেন এ বিবেচনায় এনে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

২১-১২-২০১৬

( মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-২/৩৭(২)/২০১৬-২০১৭/১৯৯১(১২৫০) তারিখ ঃ ২১-১২-২০১৬ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক (১/২/৩) মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বিকেবি/অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৯। নথি/মহানথি।

২১/১২/২০১৬

( কে. এম. ইউসুফ হারুন )
সহকারী মহাব্যবস্থাপক